

# 💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৬৩৩

৯/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৩৭২, মুশরিকদের সঙ্গে কেন যুদ্ধ করতে হবে।

باب عَلَى مَا يُقَاتَلُ الْمُشْرِكُونَ

### আরবী

حَدَّثَنَا سَعِيدُ بْنُ يَعْقُوبَ الطَّالْقَانِيُّ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْمُبَارَكِ، عَنْ حُمَيْد، عَنْ أَنسٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " أُمِرْتُ أَنْ أُقَاتِلَ النَّاسَ حَتَّى يَشْهَدُوا أَنْ لاَ إِلاَّ اللَّهُ وَأَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ وَأَنْ يَسْتَقْبِلُوا قِبْلَتَنَا وَأَنْ يَأْكُلُوا ذَبِيحَتَنَا وَأَنْ يَصْلُوا صَلاَتَنَا وَأَنْ يَأْكُلُوا ذَبِيحَتَنَا وَأَنْ يَصَلُوا صَلاَتَنَا فَإِذَا فَعَلُوا ذَلِكَ حَرُمَتْ عَلَيْنَا دِمَا وَهُمْ وَأَمْوَالُهُمْ إِلاَّ بِحَقِّهَا لَهُمْ مَا لِلْمُسْلِمِينَ ". لِلْمُسْلِمِينَ وَعَلَيْهِمْ مَا عَلَى الْمُسْلِمِينَ ".

#### বাংলা

২৬৩৩. সাঈদ ইবন ইয়া'কুব তালেকানী ..... আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ''আমি (অমুসলিম লোকদের সাথে যুদ্ধ করতে যেতে অদিষ্ট হয়েছি), যে পর্যন্ত তারা ''আল্লাহ্ ছাড়া কোন উপাস্য নেই আর মুহাম্মদ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাঁর বান্দা ও রাসূল'' বলে সাক্ষ্য না দেয়, আর আমাদের কিবলা মেনে তার দিকে মুখ না করে নামায না পড়ে, আর আমাদের যবেহকৃত প্রাণী না খায় আর আমাদের মত (পাঁচ বেলা) নামায আদায় না করে। যখন তারা (ঈমান এনে) ঐ সকল কাজ করবে, তাদের জানমালের ক্ষতি সাধন আমাদের উপর হারাম (নিষিদ্ধ) হয়ে যাবে। কিন্তু জানমালের অধিকারের বেলায় ন্যায়বিচারের মানদণ্ড চালু থাকবে। অন্যান্য মুসলিমগণ যেরূপ সাহায্য সভানুভূতি পেয়ে থাকে, তারাও সেরূপ সাহায্য পাবে, আর মুসলিমদের ওপর যেরূপ অপরাধের শান্তি বর্তায় তাদের ওপরও তদ্রুপই বর্তবে।

## **English**

#### Narrated Anas ibn Malik:

The Prophet (ﷺ) said: I am commanded to fight with men till they testify that there is no god but Allah, and that Muhammad is His servant and His Apostle, face our qiblah (direction of prayer), eat what we slaughter, and



pray like us. When they do that, their life and property are unlawful for us except what is due to them. They will have the same rights as the Muslims have, and have the same responsibilities as the Muslims have.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন